**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 01-08-2024**
**Time: 07:35-07.40AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

*******************************************************

## Governor :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল রাজভবনে টিবি মুক্ত ভারত গড়তে ‘জন জন কা রাখে ধেয়ান’ টি.বি. মুক্ত ভারত অভিযানের সূচনা করেন। তিনি বলেন, রাজ্যে টি.বি. মুক্ত পঞ্চায়েত কর্মসূচি চালু করে ভাল সাফল্য পাওয়া গেছে। টি.বি. রোগের চিকিৎসা গ্রামে গ্রামে পৌঁছে দেওয়া হয়েছে। টিবি রোগীদের পুষ্টিকর খাবার দেওয়ার জন্য প্রত্যেক মাসে এক হাজার টাকা করে এবং বিনামুল্যে ওষুধ দেওয়া হচ্ছে। রাজ্যপাল বলেন, রাজ্যে টিবি রোগীদের মধ্যে ৯০ শতাংশ সুস্থ হয়ে উঠছেন। খুব শীঘ্রই ত্রিপুরাকে  টিবি মুক্ত রাজ্য হিসেবে ঘোষণা করা যাবে বলে তিনি আশা ব্যক্ত করেন|

########Byte-Governor#######

************************

## CM-Pragya Bhawan :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যের স্বাস্থ্য পরিষেবার আরো উন্নয়নে খুব শীঘ্রই নতুনদিল্লির এইমস হাসপাতালের সঙ্গে রাজ্য সরকারের মৌ স্বাক্ষর হবে| গতকাল আগরতলার প্রজ্ঞাভবনে জাতীয় ওরাল হেলথ প্রোগ্রাম ও

জাতীয় স্বাস্থ্য মিশন আয়োজিত দন্ত বিভাগের মেডিকেল অফিসার, নার্সিং অফিসার ও কমিউনিটি হেলথ অফিসারদের দু'দিনব্যাপী রাজ্যভিত্তিক প্রশিক্ষন শিবিরের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন| তিনি কৈলাশহর ও বিশালগড়ে সংগৃহীত রক্ত পরিবহন পরিষেবায় নিয়োজিত  দুটি ভ্রাম্যমান গাড়ির উদ্বোধন করেন |

*************************

## UNION CABINET DECISION :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সভাপতিত্বে গতকাল কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠক শেষে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণও সাংবাদিকদের জানিয়েছেন, পঞ্চদশ অর্থ কমিশনে ২০২১-২২ থেকে ২০২৫-২৬ এর মেয়াদে "প্রধানমন্ত্রী কিষাণ সম্পদ যোজনা পি.এম.কে.এস.ওয়াই. -এর আওতায় অতিরিক্ত ১,৯২০ কোটি টাকা সহ মোট ৬,৫২০ কোটি টাকার বরাদ্দ অনুমোদন প্রদান করা হয়েছে। ২000 কোটি টাকা ব্যয়ে কেন্দ্রীয় ক্ষেত্রের "জাতীয় সমবায় উন্নয়ন কর্পোরেশন -এনসিডিসিকে অনুদান সহায়তা" প্রকল্পটিতে সম্মতি জানিয়েছে কেন্দ্রীয় মন্ত্রিসভা। শ্রী বৈষ্ণও আরো জানিয়েছেন, গতকালের বৈঠকে মহারাষ্ট্রে, মধ্যপ্রদেশ, পশ্চিমবঙ্গ, বিহার, ওড়িশা এবং ঝাড়খণ্ড রাজ্যের ১৩টি জেলাকে অন্তর্ভুক্ত করে চারটি মাল্টিট্র্যাকিং প্রকল্পেও অনুমোদন দেওয়া হয়েছে |

***********************

## LS SPEECH BY PIYUSH GOYAL:

কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযূষ গোয়েল বলেছেন, সরকার ভারতীয় পণ্যের উপর সম্প্রতি ঘোষিত ২৫ শতাংশ মার্কিন শুল্কের প্রভাব পরীক্ষা করছে। মার্কিন যুক্তরাষ্ট্রে ঘোষিত পারস্পরিক শুল্কের বিষয়ে গতকাল লোকসভায় বিবৃতি দিয়ে শ্রী গোয়েল বলেন, দেশ জাতীয় স্বার্থ রক্ষার জন্য সকল পদক্ষেপ নেবে এবং কৃষক, স্বউদ্যোগী, এম.এস.এম.ই. এবং শিল্প সংস্থা সহ সকল অংশীদারদের সাথে পরামর্শ করবে। তিনি সংসদকে জানান যে ভারত এবং মার্কিন যুক্তরাষ্ট্র গত কয়েক মাস ধরে একটি ন্যায্য, ভারসাম্যপূর্ণ এবং পারস্পরিক লাভজনক দ্বিপাক্ষিক বাণিজ্য চুক্তির ব্যাপারে আলোচনা চালিয়ে যাচ্ছে। তিনি রাজ্যসভাতেও গতকাল এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের বক্তব্য তুলে ধরেন |

*********************

**APPROVAL OF SOCIAL ALLOWNCE :**

রাজ্য মন্ত্রিসভার এক গুরুত্বপূর্ণ সিদ্ধান্তে জনজাতি সমাজপতিদের মাসিক সাম্মানিক ভাতা ২000 টাকা থেকে বাড়িয়ে ৫000 টাকা করা হয়েছে | এছাড়াও সমাজপতিদের মাসিক সাম্মানিক ভাতা প্রদানের যে নীতি রয়েছে, তার সংশোধনীতে অনুমোদন দেওয়া হয়েছে | নতুন সংশোধনী অনুসারে তাঁদের মধ্যে যারা চাকুরীজীবী এবং পেনশনার আছেন, তাঁরাও উপকৃত হবেন |

********************

**Minister Sudhangshu Das :**

মৎস্যমন্ত্রী সুধাংশু দাস বলেছেন, কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকার রাজ্যে জনজাতিদের সার্বিক বিকাশে বহুমুখী কর্মসূচি রূপায়ন করছে। ফটিকরায়ের রাজকান্দি এডিসি ভিলেজে গতকাল বিজেপি'র জনজাতি মোর্চা আয়োজিত জনজাতি সম্মেলনে উদ্বোধনী ভাষণে তিনি একথা বলেন| তিনি বলেন, বিশ্বের সর্ববৃহৎ রাজনৈতিক দল বিজেপি মানুষের জন্য কাজ করে। তিনি কংগ্রেস ও সি.পি.আই(এম)-এর নীতি ও কাজকর্মের সমালোচনা করেন।

***********************

**Drug seized :**

সিপাহীজলা জেলার যাত্রাপুর থানার পুলিশ, টি.এস.আর এবং বি.এস.এফ. -এর যৌথ অভিযানে প্রায় ১ কোটি টাকার ইয়াবা ট্যাবলেট আটক করা হয়েছে। গতকাল যাত্রাপুর থানাধীন বাঁশপুকুর এলাকায় এই অভিযান চালানো হয় | থানার ও.সি সিতিকান্ত বর্ধন সাংবাদিকদের জানান, একটি বিলিশবহুল গাড়ি করে প্রায় ১৪000 ইয়াবা ট্যাবলেট পাচার হচ্ছিলো। এই ঘটনায় বহিঃরাজ্যের তিন পাচারকারীকে আটক করা হয়েছে ।

************************

**FIRST DIVISION :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলাটি ড্র হয়েছে। উমাকান্ত মিনি

স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত টাউন ক্লাব ও লালবাহাদুর ব্যায়ামাগারের খেলা গোলশূন্য ভাবে শেষ হয়। ফলে উভয় দল এক পয়েন্ট করে পায়।

********************

**Weather :**

আবহাওয়ার বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে আজ আকাশ সাধারণত মেঘলা থাকবে৷ আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সমস্ত জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ ভোরের সর্বিনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৪ ডিগ্রী সেলসিয়াস | সকাল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় বৃষ্টি হয়েছে ২০.৭ মিলিমিটার।

********************

*******************